

## ইচ্ছা প্রতিমা ঘোষ

পাহাড়ের কোলের ওপর  
সকালের রোদ মুখে মেখে  
এ সতেজ পাইনগাছটার মত;  
বেঁচে থাকতে ইচ্ছা করে।

পাহাড়ের ওপারে পাখিদের উড়ে যাওয়া দেখতে দেখতে  
বরফের মুকুটপরা দূরের পাহাড়ের দিকে চেয়ে,  
ঐ পাখিদের মত ডানা মেলে দিয়ে,  
নীলাকাশে উড়ে যেতে ইচ্ছা করে।

বেঁচে আছি বহুদিন-  
তবু যেন মনে হয়  
শুধু অভ্যাসের বশে বেঁচে আছি;  
আজ পাহাড়ের নীচে,  
সোনা রোদ, পাইনের পাতা, আর আকাশ দেখতে দেখতে  
আবার নতুন করে বেঁচে উঠি পৃথিবীর বুকে  
বাঁচার আনন্দ নিয়ে আরও বহুদিন  
থেকে যেতে ইচ্ছা করে।

### তোমরা সঙ্গে থাকলে

মর্মর পাথরে গাঁথা স্মৃতিসৌধ আর  
মিনারের কারুকর্ম দেখতে দেখতে  
মনে হল—  
তোমরা সঙ্গে থাকলে ভালো হতো।  
শ্বেতপাথরের নরম মসৃণতা  
হাত দিয়ে অনুভব করতে করতে  
মনে হল—  
তোমরা সঙ্গে থাকলে ভালো হত।  
অনেক পুরনো ইতিহাস—  
বহু যুগ যুগান্তের কত স্মৃতি  
পাথরের বুকে লেখা আছে;  
মরকত মণিদিপ্ত মৃত্যুর মহিমা  
মসৃণ মলমলের মত মর্মরের বুকে  
ঘুমিয়ে রয়েছে।—দেখতে দেখতে  
মনে হল, তোমাদের মুখ  
এই মৌনতার মধ্যে  
আমার পাশে থাকলে ভালো হতো।  
বিকেলের আলো সোনাগলা।  
সাদা মিনারের ওপর দিয়ে  
এক ঝাঁক সাদা পায়রা উড়ে যাচ্ছে।  
নীল আকাশের চাঁদোয়ায়  
ঝকঝকে সাদা তাজমহলকে  
মিলিয়ে যেতে দেখতে দেখতে মনে হল—  
এই সময় তোমরা সঙ্গে থাকলে  
আরও ভালো হত।